



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়া, কুমিল্লা, ফোন : ০৮১-৭৬৩২৮ ফ্যাক্স : ০৮১-৭৬৪৩

website : www.comillaboard.gov.bd. E-mail : comillaboard@gmail.com



স্মারক নং-ক.প/ভর্তি/২০২০-২০/২৭২০

তারিখ : ২১.১১.২০২০

## ভর্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

বিষয় : ২০২০-২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিকট থেকে ভর্তিকালীন একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ইত্যাদি গ্রহণ না করা এবং ভর্তির সময়সীমা বৃদ্ধি সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান, শিক্ষার্থী ও অভিভাবকদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ মহামারির কারণে স্বাস্থ্য বিধি অনুসরণের লক্ষ্যে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিকট থেকে একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্রসহ কোন প্রকার প্রামাণ্যপত্র জমা/গ্রহণের প্রয়োজন নেই। একই কারণে পূর্ব নির্ধারিত ভর্তির সময়সীমা ১৩, ১৪ এবং ১৫ সেপ্টেম্বর ২০২০ থেকে বৃদ্ধি করে ১৭ সেপ্টেম্বর ২০২০ পর্যন্ত করা হলো।


উল্লেখ্য, কোভিড-১৯ মহামারির উন্নতি হলে সুবিধামত সময়ে সত্যায়িত একাডেমিক ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্রসহ প্রয়োজনীয় কাগজপত্র গ্রহণ/জমা প্রদান করতে বলা হলো। তবে কোটাপ্রাপ্ত শিক্ষার্থীদেরকে অবশ্যই কোটা প্রাপ্তির উপযুক্ত প্রামাণ্য সনদ দাখিল সাপেক্ষে ভর্তি হতে হবে।

  
০৯.১১.২০২০  
চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
কুমিল্লা



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, কুমিল্লা

লাকসাম রোড, কান্দিরপাড়, কুমিল্লা, ফোন : ০৮১-৭৬৩২৮ ফ্যাক্স : ০৮১-৭৬৪৩  
website : www.comillaboard.gov.bd. E-mail : comillaboard@gmail.com



স্মারক নং-ক.প/ভর্তি/২০২০-২০/২৭২০

তারিখ : ২১/০৯/২০২০

## ২০২০-২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ফিসহ অন্যান্য বিষয়ে নিম্নোক্ত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে।

- শিক্ষার্থীকে ভর্তি প্রক্রিয়ার পূর্বেই বেসরকারী কলেজে ভর্তির ক্ষেত্রে ভর্তি ফিসহ মাসিক বেতন এবং অন্যান্য যাবতীয় খরচ অবহিত হয়ে সংশ্লিষ্ট কলেজের ভর্তি হওয়ার নির্দেশনা দেয়া হলো ;
- অনলাইনে বোর্ড থেকে প্রাপ্ত ভর্তিযোগ্য প্রার্থীদের মেধাক্রম তালিকা কলেজের নোটিশ বোর্ড ও সংশ্লিষ্ট কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা করবে ;
- কোটাপ্রাপ্ত শিক্ষার্থীগণ কেবল কোটার উপযুক্ত প্রমাণ্য সনদ দাখিল সাপেক্ষে ভর্তির জন্য বিবেচিত হবে ;
- এম.পি.ও.ভুক্ত মফস্বল/পৌর (উপজেলা) এলাকায় অবস্থিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে সেশন চার্জসহ ভর্তি ফি সর্বসাকুল্যে ১০০০/- (একহাজার) টাকা, পৌর (জেলা সদর) এলাকায় ২০০০/- (দুই হাজার) টাকা, ঢাকা ব্যতীত অন্যান্য মেট্রোপলিটন এলাকায় ৩০০০/- (তিন হাজার) টাকার বেশি আদায় করতে পারবে না ;
- ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত এম.পি.ও.ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ৫০০০/- (পাঁচ হাজার) টাকার অতিরিক্ত অর্থ আদায় করতে পারবে না। ঢাকা মেট্রোপলিটন এলাকায় অবস্থিত আংশিক এম.পি.ও.ভুক্ত বা এম.পি.ও. বহির্ভূত শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়ন এবং এম.পি.ও. বহির্ভূত শিক্ষকদের বেতন-ভাতা প্রদানের জন্য শিক্ষার্থী ভর্তির সময় ভর্তি ফি, সেশন চার্জ ও উন্নয়ন ফিসহ বাংলা মাধ্যমে সর্বোচ্চ ৭৫০০/- (সাত হাজার পাঁচশত) টাকা গ্রহণ করতে পারবে। উন্নয়ন খাতে কোন প্রতিষ্ঠান ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকার বেশি আদায় করতে পারবে না ;
- সরকারি কলেজসমূহ সরকারি পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় ফি সংগ্রহ করবে ;
- বর্তমান COVID-19 এবং অভিভাবকদের আর্থিক অস্বচ্ছলতার বিষয় বিবেচনা করে দরিদ্র, মেধাবী ও প্রতিবন্ধী শিক্ষার্থী ভর্তিতে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ উল্লেখিত ফি যতদূর সম্ভব মওকুফের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে ;
- কোন শিক্ষার্থী অনুমোদিত ফি-এর অতিরিক্ত কোন ফি প্রদান করবে না এবং অনুমোদিত সকল ফি রশিদের মাধ্যমে প্রদান করবে ;
- শিক্ষা প্রতিষ্ঠান প্রতি শিক্ষার্থীর নিকট থেকে রেড ক্রিসেন্ট ফি বাবদ (২০/- টাকার ৬০%), ১২/- টাকা গ্রহণ করবে ;
- কোন শিক্ষার্থীর পাঠ বিরতি থাকলে ও বিলম্বে ভর্তি হলে তার নিকট হতে উল্লেখিত ফি এর অতিরিক্ত নিম্নোক্ত ফি গ্রহণ করতে হবে ; যথা :

ক্রমিক	বিবরণ	পরিমাণ
১.	পাঠ বিরতি ফি	১৫০/-
২.	বিলম্ব ভর্তি ফি	১০০/-

- ভর্তি কার্যক্রম সম্পন্ন হওয়ার পর বোর্ডের বিজ্ঞপ্তির ভিত্তিতে শিক্ষার্থীরা বোর্ডের অনুমতি সাপেক্ষে প্রয়োজনীয় ফি প্রদান করে কলেজ, গ্রুপ ও বিষয় পরিবর্তন করতে পারবে। তবে মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ থেকে বিজ্ঞান বিভাগে গ্রুপ পরিবর্তনের কোন সুযোগ নেই এমনকি বিজ্ঞান গ্রুপ হতে উত্তীর্ণ শিক্ষার্থী অন্য গ্রুপে একবার ভর্তি হওয়ার পর পরবর্তীতে বিজ্ঞান বিভাগে প্রত্যাবর্তনের কোন সুযোগ নেই ;
- শিক্ষার্থী ভর্তির ক্ষেত্রে ভর্তি নীতিমালার কোনরূপ ব্যত্যয় ঘটানো হলে বেসরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ কলেজটির এম.পি.ও.ভুক্তি বাতিল করা হবে এবং সরকারি কলেজ/সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে ;
- শিক্ষার্থীদের কলেজে ভর্তির ক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য বিধি যথাযথ ভাবে অনুসরণ পূর্বক ভর্তি কার্যক্রম সম্পন্ন করবেন, এ ব্যত্যয় ঘটলে সকল দায় দায়িত্ব কলেজ কর্তৃপক্ষকে বহন করতে হবে।

০৯/০৯/২০২০  
চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড  
কুমিল্লা